# উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর এর ফেব্রুয়ারি-২০২৫ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ মাহফুজুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স
তারিখ : ১৮-০২-২০২৫ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।<br>রবি-২০২৪-২৫ এর আবাদের তথ্যঃ<br>বোরো ধান- ৮৫১৮ হে. সরিষা- ২৬৮৫ হে. সূর্যমুখী- ২২ হে. গম- ১৩২৫ হে. মসুর- ১১০০ হে. পেঁয়াজ- ১১৪ হে. ধনিয়া- ৫৮০ হে. শাকসবজি- ৭৬৩হে.<br>বারিক প্রনোদনাঃ মুগ-৫০ জন ও তিল-৮০ জন।<br>সারের বরাদ্দঃ- ইউরিয়া- ৩৫৭ মে.টন, ডিএপি- ৪০০ মে.টন, টিএসপি- ২০ মে.টন, এমওপি- ১০০ মে.টন।<br>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে সার্বক্ষনিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, বহিঃ বিভাগ- ১১১২০ জন, জরুরী বিভাগ- ১০৪৫ জন, অন্ত বিভাগ- ৮১৭ জন, সিজারিয়ান- ০৩ জন, স্বাভাবিক ডেলিভারী- ০২ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসা সেবা-৪১ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা- ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা- ০১ জন, শয্যা ব্যবহারের হার- ১৪৫%, মৃত্যুর হার-০.১৪%, রোগীর গড় অবস্থান- ২.৪৫ দিন, মোট ডেংগু রোগী- ৪৪ জন, এইচ এম পি ভি রোগীর সংখ্যা-০ জন। ইউনিয়ন সাব সেন্টারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা- ২৮০৬ জন, কমিউনিটি ক্লিনিকে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা- ১৪৫৫০ জন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদিপশুর টিকা প্রদান-১৮৬৪ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-২১৩৩৬ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৬২০ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-৫২০০০ টি, পোষা প্রাণীর চিকিৎসা সেবা প্রদান-১৫ টি, কৃত্রিম প্রজনন- ৪৩১ টি, সংকর জাতের বাছুরের তথ্য- ২২০ টি, গবাদি পশুর খামার স্থাপন-০৪ টি, হাঁস মুরগির খামার স্থাপন-০৩ টি, খামার পরিদর্শন-০৯ টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান-১৪৫ জন, উন্নত জাতের ঘাসের চাষ-১.৫ একর। ০১ টি ডিমের দোকান, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি খাদ্য বিক্রেতা, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি ঔষধ বিক্রয়কারী প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ২০ জন মাংস প্রক্রিয়াজাতকারদের (কসাই) প্রশিক্ষণ প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে নিম্নবর্ণিত প্রকল্পগুলির প্রাক্কলন করা হয়েছে এবং দ্রুত টেন্ডার আহবান করা হবে। (ক) পাংকান্দি জিপিএস সংলগ্ন আলমগীর মোল্লার বাড়ি-চরমস্তফাপুর তেঁতুলতলা বিসি পর্যন্ত রাস্তা কার্পেটিং-৭৯৯৫৪০২.৬৭/-, (খ) পাংকান্দি জিপিএস সংলগ্ন আলমগীর মোল্লার বাড়ি-চরমস্তফাপুর তেঁতুলতলা সড়কে ৫৫০ মি. চেইনেজে ১.০০ মি. × ১.০০ মি. সিঙ্গেল ভেন্ট বক্স কালভার্ট নির্মাণ-৬৪৯৫৫৫.৬৫/-, (গ) হরিদাসদী-মহেন্দ্রদী এমারাত মাতুব্বরের দোকান-ইউনিয়ন পাঁকা সড়ক পর্যন্ত (ভায়া কালাম মাতুব্বর জামে মসজিদ) সড়ক বিসি দ্বারা উন্নয়ন-৭১৬৬৭৭২.১৩/-, (ঘ) ইশিবপুর বাজার-সোনাপাড়া সড়ক বিসি দ্বারা উন্নয়ন-২৩৯২১১/- এবং | বাস্তবায়িত প্রকল্পগুলির চূড়ান্ত বিল প্রদানের পূর্বে সরেজমীনে পরিদর্শন করে বিল প্রদানসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (৬) বৈরাগী বাজার-নাজিরপুর সড়কে নয়াকান্দা খান বাড়ির মোড় থেকে পাইকপাড়া মোল্লাবাড়ি পর্যন্ত সড়ক বিসি দ্বারা উন্নয়ন-৫৫৪৭০৫৭/- টাকা। উন্নয়ন তহবিলের চলমান প্রকল্পগুলি বাস্তবায়ন শেষ পর্যায়ে। তদারকির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম ও ২য় পর্যায়ে টিআর ১০০২৮২১৬/- টাকা, কাবিটা-১০৬৫১৬৪/- টাকা, কাবিখা (চাল)- ৭৬.০৮৩২ মে. টন, গম- ৭৬.০৮৩২ মে. টন, বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প তালিকা চূড়ান্ত করে অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবরে প্রেরণ করা হবে। এ কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়িত মোট ১২ টি ব্রীজের কাজ ৫৭% সমাপ্ত হয়েছে। এইচবিবি প্রকল্পের কাজ চলমান। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের গুনগতমান বজায় রাখতে নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, রাজৈর সভায় বলেন যে, চলতি মাসে ২৫ জন মৎস্যজীবিকে মৎস্য সুরক্ষা ও সংরক্ষন আইন বিষয়ক ০১ দিনের প্রশিক্ষন প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর এর নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে আটককৃত ৩০ কেজি জাটকা উপজেলা বিভিন্ন এতিমখানায় বিতরন করা হয়েছে। তাছাড়া মৎস্য সুরক্ষা ও সংরক্ষন আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজৈর জানান যে, কানুনের উৎসব-২৫ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন। পরিস্কার পরিচ্ছন্ন থাকার উপায় ও স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য পরীক্ষা,অনলাইনে উপবৃত্তি, ৬ মাস (জুলাই-ডিসেম্বর/২৪) চাহিদা প্রেরণ। শিক্ষাবর্ষ/২৫ উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নতুন বই বরাদ্দ স্বাপেক্ষে বিতরন ও অনলাইনে সহকারী শিক্ষকদের আন্তঃজেলা বদলি কার্যক্রমসহ সার্বিক অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরণের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২৫ সালের মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তক চাহিদা অনুযায়ী এনসিটিবি এর প্রধান কার্যালয় হতে ৪১% উপজেলায় পৌঁছেছে এবং প্রাপ্ত পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে ও শিক্ষার্থীর মাঝে যথাসময়ে পৌঁছে দেয়া হয়েছে। ৫৩তম শীতকালীন জাতীয় ক্রিড়া প্রতিযোগিতা-২৫ আগামী ০৪ ও ০৫ জানুয়ারি-২৫ তারিখে অনুষ্ঠিত হবে। সকলের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরণের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, রাজৈর সভায় বলেন যে, বর্তমান মাসে মোট সক্ষম দম্পত্তি- ৪৮৮৬০ জন, মোট গ্রহণকারী-৩৭২৬৬ জন, খাবার বড়ি- ১৪৭৩, কনডম-৫০৮, ইনজেকশন-৩৭৭, আইইউডি-১৭, ইমপ্লান্ট-১০৮, ডেলিভারি-০৫, পুরুষ-০, মহিলা-১৮, এএনসি-৫২৮, পিএনসি,-১১৯, সাধারণ রোগী- ৮৮ জন (পুরুষ), ১০০৫ জন (মহিলা), শিশু- ৯৯ জন (পুরুষ) ও ২৯৪ জন (মহিলা), প্রজনন-২৩১৯ ও পুষ্টি সেবা-২১৩২ জন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, রাজৈর সভায় জানান যে, সকল প্রকার ভাতার যাচাই-বাছাই পূর্বক মৃত্যু প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলার সকল ভাতাভোগীর ২য় কিস্তির ভাতার টাকা ভাতাভোগীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধি জরিপকাজ চলমান রয়েছে। ভাতাভোগীর বিকাশ নম্বর পরিবর্তনের কাজ চলমান রয়েছে। সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা প্রাপ্তির জন্য অনলাইন আবেদন পরবর্তী যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা, বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠি ভাতার অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদন গ্রহন করা হচ্ছে।<br>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (সিভিডিপি) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর সভায় জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন ০৪ টি, মাসে অর্জন- ০১ টি, সদস্য ভর্তি- মাসে ৭৭ জন, বছরে ২৫৪ জন, শেয়ার আদায়- মাসে ০.০৫ টাকা, বছরে-০.৩৭ টাকা, সঞ্চয় আদায় মাসে- ১০.০৯ টাকা, বছরে- ৬৪.০১ টাকা, ঋণ বিতরণ মাসে-২১৫.১৪ টাকা, বছরে ১৪৬০.১৫ টাকা, ঋণ আদায় মাসে- ১১০.০৪ টাকা, বছরে- ১৩২৫.১৪ টাকা। এছাড়াও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে<br>প্রকল্প গ্রহণঃ মৎস্য চাষ-১২৩ টি, গরু মোটাতাজাকরণ-২৪টি, হাঁস-মুরগি পালন- ১৫১ টি, সবজি চাষ-১৭১টি, ক্ষুদ্র ব্যবসা-১১৪ টি, কৃষিকাজ-১৫১ টিসহ সর্বমোট-৮৭২টি। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরন। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজৈর সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ৯৫০০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। চলমান মাস পর্যন্ত ২৭০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলমান মাসে যুব ঋণ আদায়-৯৭%। ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় যুব কার্যক্রম চলমান রয়েছে। সামাজিক কর্মকান্ডে যুবদের ভূমিকা শীর্ষক কর্মশালা সম্পন্ন করা হয়েছে। চলমান ও খেলাপি ঋণ আদায় অব্যাহত রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে যুব/যুব মহিলাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। আশ্রয়ন প্রকল্পে বসবাসরতদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রী ০২ টি, বিভাগীয় প্রাথমিক ১২৮, পল্লী উন্নয়ন কেন্দ্রীয় ০১ টি ও পল্লী উন্নয়ন প্রাথমিক ১৭৯ টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ২৫ টি, সম্পন্ন (নিঃ প্রাঃ) ৭৩ টি ও পল্লী উন্নয়ন প্রাথমিক ০১ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৬২২০০/-, অডিট ফি আদায় ৬২২০০/-, সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৬৫৫৩৯/-, আদায় ৬৫৫৩৯/-, গুচ্ছাবর্তি আশ্রয়ন প্রকল্প (কেইস-২)তে ঋণ বিতরণ- ৪৭৫০০০/-, ঋণ আদায়-৩৮৮২৫০/-, সার্ভিস চার্জ- ২৯২৬০/-, ঋণ পাওনা- ৮৬৭৫০/-, দুগ্ধ প্রকল্প মোট ঋণ বিতরণ-৪৮০.০০ (লক্ষ টাকায়), ঋণ আদায়- ৪৫৫.৭৬, এবং আদায়যোগ্য হয়নি ২৪.২৪ লক্ষ টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ২৯১.৮৭/-, সার্ভিস চার্জ- ৩৮.২০/- দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান/প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। গুচ্ছাবর্তী আশ্রয়ন প্রকল্পের ব্যারাকের অবস্থা অত্যন্ত নাজুক। আগামী বর্ষার পূর্বেই প্রয়োজনীয় মেরামতকাজ করা প্রয়োজন।বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় নিম্নবর্নিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৯টি ৬ নং গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। জিপিএস ও এনএনজিপিএস এবং পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াসব্লক নির্মাণকাজ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | অবশিষ্ট গভীর নলকূপগুলি দ্রুত স্থাপনসহ দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রের ভিতরে টিন শেড ঘরটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যে কোন সময় ভেঙে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। ঘরটি মেরামতের জন্য অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্যগুদামের খাদ্য শস্যের মজুদ পরিস্থিতিঃচাল ৪২৪৬.৬২০ মে. টন, গমঃ ৩৮১.৩৮০ মে.টন। ২০২৪-২৫ মৌসুমে অভ্যন্তরীণভাবে সরকার ৩৭২০ মে.টন আমন সিদ্ধ চাল এবং ২৬১ মে. টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। কিন্তু রাজৈর উপজেলার সকল মিল মালিকগণ চাল সরবরাহে চুক্তি করেননি। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ উপজেলায় সর্বমোট চাল সংগ্রহে চুক্তির পরিমান ২০৩২ মে. টন। এ বছর ম্যানুয়ালি এবং কৃষকের অ্যাপে অর্থাৎ উভয়ভাবে ধান সংগ্রহের নির্দেশনা রয়েছে। আগে আসলে আগে ধান বিক্রয় করতে পারবেন ভিত্তিতে এ কার্যক্রম চলমান থাকলেও এখন পর্যন্ত কোন কৃষক খাদ্যগুদামে ধান বিক্রয় করতে আসেননি। এ পর্যন্ত আমন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে ১১৫৭.৭ মে. টন। নিম্ন আয়ের জনগোষ্ঠির জন্য সরকার কর্তৃক স্বল্পমূল্যে ১২/০১/২৫ খ্রি. তারিখ হতে খোলা বাজারে (ওএমএস কর্মসূচি এর আওতায়) রাজৈর পৌরসভায় প্রতিদিন প্রতি কেজি ৩০ টাকা দরে সর্বোচ্চ ০৫ কেজি হারে ০৩টি বিক্রয় কেন্দ্রে ১ মে.টন করে মোট ৩ মে. টন চাল বিক্রয় করা হচ্ছে। জানুয়ারি/২৫ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় সঠিকভাবে পরিচালিত হয়েছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় যাচাই বাছাই শেষে ৬১৭৭ জন ভোক্তার মাঝে (৬১৭৭X৫)=৩০.৮৮৫ মে. টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ০৭ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন ডিলারের মাধ্যমে টিসিবির চাল বিক্রয়ের কার্যক্রম পরিচালিত হয়েছে। ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারের মাধ্যমে টিসিবির ডিলারকে চাল সরবরাহ করা হয়। টিসিবির ডিলারগণ উক্ত চাল ভোক্তাদের মাঝে বিলিবিতরণ করেন। চলতি মাসে এখন পর্যন্ত কোন চাহিদাপত্র পাওয়া যায় নি। মার্চ এবং এপ্রিল-২৫ মাসে খাদ্যবান্ধব কর্মসূচি চালু হবে। উক্ত কার্যক্রমের আওতায় যদি কোন ইউনিয়নের খাদ্যবান্ধব তালিকায় স্বচ্ছল, বিদেশগমনকারী এবং মৃত ব্যক্তির নাম থাকে তাহলে, উক্ত ভোক্তার স্থলে নতুন ভোক্তার অন্তর্ভুক্তির কার্যক্রম চলমান রয়েছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচির আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৯৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০ কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। কিন্তু জানুয়ারি/২৫ হতে এখন পর্যন্ত কোন চাহিদাপত্র পাওয়া যায় নি। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করণের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ জানুয়ারি/২৫ হতে মার্চ/২৫ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। পৌরসভায় ০৯ জন ও প্রতি ইউনিয়নে ০৫ জন করে মাসিক মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম যথাযথ চলমান। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ২২ | বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট বলেন ২০২৩-২৪ অর্থ বছরে লাইন নির্মাণ (ক্রমপুঞ্জিত)- ২.৩৬ কিঃ মিঃ, নতুন গ্রাহক সংযোগ- আবাসিক-৬৫ টি, বানিজ্যিক-০৭ টি, দাতব্য প্রতিষ্ঠান-০১ টি, শিল্প-০২ টি, সেচ- ০৩ টি, অটো চার্জ স্টেশন- ০১ টি, অন্যান্য-০৩ টি। গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)- ৭৮২৬৮ জন। বিদ্যুতায়িত গ্রাম- ১৮৬ টি, বিদ্যুতায়নের হার-১০০%, উঠান বৈঠক আয়োজন- ০১ টি, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নভেম্বর/২৪ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল-২০৬৪৭৭৩/- টাকা। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। ভুতুরে বিল যাতে না হয় এবং কোন গ্রাহক হতে অহেতুক হয়রানির অভিযোগ না আসে সেদিকে লক্ষ রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, ব্যাংকের মোট ২২২ টি সমিতিতে মোট সদস্য ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহবোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৫০৬০০০/- টাকা। ঋণ প্রদানের পরিমান ৯২৮০০০০/- টাকা ও ঋণ আদায়ের পরিমান ১১১৬০০০/- টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৪ | উপজেলা পাট পরিদর্শক | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | লিখিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৫ | উপজেলা দারিদ্র বিমোচন অফিস | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোট সমিতি- লক্ষমাত্রা ৭৩ টি, অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-১০০০ জন, অর্জন- ১০১৮ জন, ঋণী সদস্যের লক্ষমাত্রা-৭৫০ জন, অর্জন-৬৫৮ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা- ৩১০ লক্ষ, অর্জন-১৪১ লক্ষ, চলতি বছরে ঋণ আদায় লক্ষমাত্রা- ৩৪০.৮২ লক্ষ, অর্জন-২৫৩.১৮ লক্ষ, মোট খেলাপী (ক্রমপুঞ্জিত)-৪১.৭৬ লক্ষ, মাঠে পাওনা ঋণ-১৯১.৩৩ লক্ষ, আদায়ের হার-৯৭% । সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড লক্ষমাত্রা-২০০ জন, চলতি বছর অর্জন-১২৫ জন (সমিতি পর্যায়ে)। সদস্যদের পুঁজি গঠন (ক্রমপুঞ্জিত)- ৮৬.৭১ লক্ষ। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার |
| ২৬ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর জানান যে, উপজেলা পরিষদ চত্বরে নবনির্মিত মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র আগামী ২৮/০২/২০২৫ খ্রি. তারিখে শুভ উদ্বোধন করা হবে। সে কারনে অবশিষ্ট কার্যক্রম দ্রুতগতিতে চলছে। মডেল মসজিদে যাতায়াতের রাস্তা নির্মাণের শুরুতে একটি মরা নারিকেল গাছ রয়েছে। রাস্তা নির্মাণের স্বার্থে উক্ত গাছটি কর্তন করার জন্য সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রাজৈর কর্তৃক মৌখিকভাবে অনুরোধ জানিয়েছেন। পরবর্তীতে সরেজমিনে গিয়ে দেখার যায় রাস্তা নির্মাণের জন্য গাছটি কর্তন করা প্রয়োজন। মৃত মরা নারিকেল গাছটি কর্তন করার জন্য সভায় প্রস্তাব করেন। উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মি জনাব কুমি জমাদ্দার গত ১৩-০২-২০২৫ খ্রিঃ তারিখে পারিবারিক কারনে চাকুরী হতে অব্যাহতি নিয়েছেন। এমতাবস্থায় উক্ত কাজ অব্যাহত রাখার স্বার্থে সরকারি নির্ধারিত ৫৫০/- টাকা হারে দৈনিক মজুরী হিসেবে জরুরীভিত্তিতে একজন পরিচ্ছন্ন কর্মি নিয়োগ প্রদান করা জরুরী। আগামী মাসের মধ্যেই একজন পরিচ্ছন্ন কর্মি নিয়োগ প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন।<br>(খ) সহকারী কমিশনার (ভূমি), রাজৈর সভায় জানান আগামী পবিত্র রমযানে সেহরী, ইফতার ও তারাবির সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হলো। নাগরিকদের বিভিন্ন প্রয়োজনে ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নে স্মারক নম্বর দেয়া হয় না। আগামীতে সকল পত্রে স্মারক নম্বর প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সকলের সহযোগিতায় কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ করা হয়।<br>(গ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, টিসিবির বরাদ্দকৃত ৫৮৪ টি কার্ডের মধ্যে অধিকাংশ কার্ড এ্যাক্টিভ হয়নি। দ্রুত এ্যাক্টিভ করার জন্য অনুরোধ করেন। নিম্নবর্ণিত প্রকল্পগুলি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/উপজেলা পরিষদ উন্নয়ন রাজস্ব তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>গাজকান্দি শাজাহান সরদারের বাড়ি হতে নিমাই পাগলার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা।<br>সভাপতি- মোঃ মোশারফ মোল্লা, চেয়ারম্যান, ইশিবপুর ইউপি<br>সম্পাদক- মাজেদ মাদানী, সমাজসেবক<br>জীতাকান্দা পূর্বপাড়া তা'লীমুল কুরআন মাদ্রাসার পশ্চিম পাশের গেট নির্মাণ-২০০০০০/- টাকা।<br>সভাপতি- মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, হোসেনপুর ইউপি<br>সম্পাদক- মোঃ বাদল বেপারী, সমাজসেবক | (ক) প্রস্তাব মোতাবেক মরা নারিকেল গাছটি দ্রুত কর্তন এবং জরুরীভিত্তিতে একজন পরিচ্ছন্ন কর্মি নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মহেশ্বরদী ৬নং ওয়ার্ড ইটের রাস্তা হতে মোক্তার মুন্সির বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা।<br>সভাপতি-শিরিনা বেগম,সংরক্ষিত সদস্য, হরিদাসদী-মহেন্দ্র ইউপি<br>সম্পাদক- শারবুদ্দিন মুন্সি, সমাজসেবক<br>বৌলগ্রাম হিন্দুপাড়া আইয়ুবের বাড়ি হতে প্রমথ সরকারের বাড়ি পর্যন্ত রাস্তা-৮০০ ফিট মেরামত/সংস্কার-২০০০০০/- টাকা।<br>সভাপতি- জনাব নিহার চন্দ্র শাখারী, ইউপি সদস্য, খাশিয়া ইউপি<br>সম্পাদক- জনাব সুধীর শাখারী, ব্যবসায়ী<br>গঙ্গারদি অলিউল্লাহ খানের বাড়ির সামনে খালের উপর বক্স কালভার্ট নির্মাণ- ২০০০০০/- টাকা।<br>সভাপতি- লিপিকা বেপারী, সংরক্ষিত সদস্য, বাজিতপুর ইউপি<br>সম্পাদক- খন্দর মোল্লা, সমাজসেবক<br>বড়খোলা দিপালী বিশ্বাসের বাড়ির নিকট হতে বড়খোলা পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা।<br>সভাপতি- বিধান বিশ্বাস, চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি<br>সম্পাদক- লক্ষী রানি মন্ডল, সং ইউপি সদস্য, কদমবাড়ি ইউপি<br>চরনারিকেলবাড়ি কুমারনদীর পাড় হতে পাঁকা রাস্তা পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা।<br>সভাপতি- কহিনুর মোল্লা, ইউপি সদস্য, পাইকপাড়া ইউপি<br>সম্পাদক- সোহান মোল্লা, ব্যবসায়ী<br>কামারদি ব্রীজের উত্তরপাশে বক্স কালভার্ট নির্মাণ-২০০০০০/-<br>সভাপতি- রমেন বেপারী, ইউপি সদস্য, বাজিতপুর ইউপি<br>সম্পাদক- খন্দর মোল্লা,- ব্যবসায়ী<br>বাটিয়ারকান্দি পাঁকা রাস্তা হতে সালাম বেপারীর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা<br>সভাপতি- রেজাউল করিম, চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদি ইউপি<br>সম্পাদক- জলিল মাতুব্বর, সমাজসেবক<br>পূর্ব হারাণিয়া মুক্তিবাড়ি জামে মসজিদের সামনে সিসি করন-২০০০০০/- টাকা।<br>সভাপতি- মোঃ গোলাম ফারুক, চেয়ারম্যান, বদরপাশা ইউপি<br>সম্পাদক- সাইফুল লস্কর, সমাজসেবক<br>শ্রীকৃষ্ণদী পাঁকা রাস্তা হতে দবির মল্লিকের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/- টাকা<br>সভাপতি- টিপু সুলতান, চেয়ারম্যান, কবিরাজপুর ইউপি<br>সম্পাদক- মাকসুদা বেগম, সংরক্ষিত ইউপি সদস্য<br>মজুমদারকান্দি ছিদ্দিকের বাড়ি হতে কাইয়ুম মাতুব্বরের জমি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-<br>সভাপতি- চায়না বেগম, সংরক্ষিত ইউপি সদস্য, রাজৈর ইউপি<br>সম্পাদক- আকাশ মোল্লা, ব্যবসায়ী<br>জনাব মনোরঞ্জন সরকার, পিং- নরেন্দ্রনাথ সরকার, সাং-বনেরবাড়ি এবং জনাব চিত্ত রায়, পিং-মনিন্দ্র রায়, সাং- আমগ্রাম দ: পাড়া এর বাড়িতে গভীর নলকূপ স্থাপন-২০০০০০/-<br>সভাপতি- সদানন্দ বাড়ৈ, ইউপি সদস্য, আমগ্রাম ইউপি<br>সম্পাদক- অমিও সরকার, রাজনীতিবিদ<br>(ঘ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর সভায় জানান যে, কদমবাড়ি ইউনিয়নের নিম্নবর্ণিত রাস্তাগুলি দ্রুত মেরামত/সংস্কার/কার্পেটিং করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>কদমবাড়ি বাজার হতে আড়ুয়াকান্দি হয়ে নটাখোলা রাজৈর উপজেলার শেষ সিমানা পর্যন্ত রাস্তা প্রশস্তকরন, আড়ুকান্দি হতে পুকুরিয়া পাঁকা রাস্তা প্রশস্তকরন, বড়খোলা সম্ভাবি হতে নটাখোলা হয়ে কদমপুর পর্যন্ত রাস্তা, ফুলবাড়ি হতে বড়িবয়ারী পর্যন্ত রাস্তা কার্পেটিং করা প্রয়োজন এবং জরুরীভিত্তিতে আড়ুয়াকান্দি শনিদেবের মন্দিরের পাশে খালের উপর একটি ও ক্ষুধাবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্বপাশে খালের উপর একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (ঘ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (৬) সভাপতি, প্রপ্রক, রাজৈর জানান যে, টেকেরহাট বাজারে অবস্থিত উপজেলা পরিষদের মালিকানাধীন সুপার মার্কেটের ভিতরে অস্থায়ীভাবে মাছবাজার বসানোর বিষয়ে পদক্ষেপ নেয়ার অনুরোধ করেন। টেকেরহাট লঞ্চঘাট হতে কাজীবাড়ি হয়ে খালিয়া খাল খননের কাজ চলমান। খালের দু-পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে খাল খননের কাজ অব্যাহত রাখার অনুরোধ করেন। প্রতিবন্ধীদের মধ্যে সরকার প্রদত্ত কোন উপকরণ বিতরণ করা হয় কিনা এ বিষয়ে জানানোর জন্য অনুরোধ করেন। পূর্ব স্বরমঙ্গলা মিয়াবাড়ি জামে মসজিদ সংলগ্ন খালের উপর ত্রাণ শাখা হতে বাস্তবায়িত ব্রীজটির তলদেশের লেয়ার নির্মাণ উঁচু হওয়ায় বর্ষাকালে পানি যাতায়াতের স্বাভাবিক গতি ব্যহত হওয়ার আশংকা রয়েছে। এতে আশে পাশে দুর্গন্ধ তৈরি হবে। বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। | (৬) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ [illegible])
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪-১১৪

তারিখঃ ১৮-০২-২০২৫ খ্রি.

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো):- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩ সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪ প্রশাসক, রাজৈর পৌরসভা, মাদারীপুর।

<u>অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১ উপজেলা আইসিটি অফিসার, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২ উপজেলা ................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩ চেয়ারম্যান (সকল), ............................ ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪ অফিস কপি।

(মোঃ [illegible])
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

উপস্থিত সদস্যদের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(পরিশিষ্ট-ক)

০১। প্রশাসক, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০২। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৪। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৮। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৯। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
২০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
২১। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২২। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২৩। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২৪। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, রাজৈর, মাদারীপুর।
২৫। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।
২৬। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর, মাদারীপুর।
২৭। উপজেলা আইসিটি অফিসার, রাজৈর, মাদারীপুর।
২৮। উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, রাজৈর, মাদারীপুর।
২৯। সভাপতি, বৃশুক, রাজৈর, মাদারীপুর।
৩০। উপজেলা কো-অর্ডিনেটর, গ্রাম আদালত, রাজৈর, মাদারীপুর।
৩১। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩২। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৩। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৪। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৫। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৬। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৭। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৮। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৯। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর।

অনউপস্থিত সদস্যদের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(পরিশিষ্ট-খ)

০১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০২। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৪। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৮। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।